ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-২৭০২
কুমারঘাট, ২ সেপ্টেম্বর, ২০২৫

**অনুর্দ্ধ ১৭ বছর বালক বালিকাদের**
**রাজ্যভিত্তিক হ্যান্ডবল প্রতিযোগিতা শুরু**

রাজ্যভিত্তিক স্কুল স্পোর্টস প্রতিযোগিতার অনুর্দ্ধ ১৭ বছর বালক ও বালিকা বিভাগের হ্যান্ডবল প্রতিযোগিতার আসর আজ থেকে কুমারঘাটের নয়দ্রোন উচ্চ বিদ্যালয়ের মাঠে শুরু হয়েছে। চলবে আগামী ৪ সেপ্টেম্বর পর্যন্ত। ৮ টি জেলা থেকেই বালক ও বালিকা বিভাগে খেলোয়াড়রা প্রতিযোগিতায় অংশ নিয়েছে। নয়দ্রোন উচ্চ বিদ্যালয়ের মাঠে বিকালে এই ক্রীড়া প্রতিযোগিতার উদ্বোধন করেন কুমারঘাট পুর পরিষদের চেয়ারপার্সন বিশ্বজিৎ দাস। উদ্বোধকের ভাষণে তিনি বলেন, খেলাধুলার মাধ্যমে ছোট বয়স থেকেই ছাত্রছাত্রীদের মধ্যে শৃঙ্খলাবোধ তৈরী হয়। তিনি বলেন, খেলাধুলা শারিরীক ও মানসিক বিকাশেরও সহায়ক।

উদ্বোধনী অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে ঊনকোটি জিলা পরিষদের সদস্য বিমল কর বলেন, খেলাধুলার মানোন্নয়নে রাজ্য সরকার নতুন নতুন মাঠ তৈরী ও বিভিন্ন পরিকাঠামো উন্নয়নে জোর দিয়েছে। এর সুফলও এখন পাওয়া যাচ্ছে। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ঊনকোটি জেলা শিক্ষা আধিকারিক প্রশান্ত কিলিকদার। স্বাগত বক্তব্য রাখেন যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের ঊনকোটি জেলা আধিকারিক অমিত কুমার যাদব। উপস্থিত ছিলেন ঊনকোটি জিলা পরিষদের শিক্ষা, স্বাস্থ্য ও ক্রীড়া স্থায়ী কমিটির চেয়ারম্যান শিবেন্দু ঘোষ, কুমারঘাট পঞ্চায়েত সমিতির ভাইস চেয়ারম্যান শংকর দেব, রতিয়াবাড়ি গ্রাম পঞ্চায়েতের প্রধান জয়ন্তী দাস, ক্রীড়া আসরের অবজারভার দিবাকর দেবনাথ, কুমারঘাট মহকুমার ক্রীড়া আধিকারিক পূজায়িতা দেব প্রমুখ। দুর্যোগপূর্ন আবহাওয়ার জন্য আজ খোয়াই জেলা বনাম উত্তর ত্রিপুরা জেলার বালক বিভাগের ম্যাচ বাতিল করা হয়।

******